



স্মারক নং : ১১৩৭/ক/অনুঃ/২০২৩/১৬৬

তারিখ : ২৮/০৮/২০২৪

বিষয় : ঢাকা মহানগরীর মোহাম্মদপুর থানাধীন 'পদক্ষেপ কলেজ' -এর উচ্চমাধ্যমিক পর্যায়ে কলেজ স্থাপনের অনুমতি প্রসঙ্গে।

সূত্র : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা -এর ১৪/০৩/২০২৪ তারিখের মঞ্জুরী কমিটির ৫ম সভার সিদ্ধান্ত নং : ০২ এবং ০৪/০৪/২০২৪ তারিখের ২৩০তম বোর্ড সভার অনুমোদনক্রমে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ঢাকা মহানগরীর মোহাম্মদপুর থানাধীন 'পদক্ষেপ কলেজ' -কে নিম্নোক্ত শর্তসাপেক্ষে উচ্চমাধ্যমিক পর্যায়ে কলেজ স্থাপনের অনুমতি প্রদান করা হলো।

- (১) পাঠদানের অনুমতি চাওয়ার পূর্বেই অধ্যক্ষসহ প্রয়োজনীয় প্রশাসনিক জনবল নিয়োগ, জমি ক্রয় এবং অবকাঠামো নির্মানসহ প্রয়োজনীয় শিক্ষা উপকরণ সংগ্রহ/তৈরি করতে হবে ;
- (২) পাঠদানের অনুমতির আবেদনের সাথে কলেজের নামে জমির দলিল, উক্ত জমির নামজারি ও হালসন নাগাদ খাজনা পরিশোধ করতে হবে;
- (৩) ব্যক্তি নামে কলেজ নামকরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার ও অধ্যক্ষের যৌথ স্বাক্ষরে ২৫,০০,০০০.০০ (পচিশ লক্ষ) টাকা ব্যাংকে জমা প্রদান করতে হবে ;
- (৪) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা -২০২২ (সংশোধিত-২০২৩) অনুযায়ী সকল শর্ত যথাযথভাবে পূরণ করতে হবে
- (৫) কলেজ প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না ;
- (৬) কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে
- (৭) বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।

চেয়ারম্যানের মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর জুঁঞা  
কলেজ পরিদর্শক (অতি: দা:)

ও

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ০২-৫৮৬১২৪৭৬, মোবাইল : ০১৫৫০৪১১২০৪

সভাপতি (পরিচালনা কমিটি)  
পদক্ষেপ কলেজ,  
মোহাম্মদপুর, ঢাকা মহানগরী।

মেমো নং : ১৬৬ (৮)

তারিখ : ২৮/০৮/২০২৪

অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- (১) সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
- (২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষাভবন, ঢাকা ;
- (৩) পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা ;
- (৪) জেলা প্রশাসক, ঢাকা ;
- (৫) পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা ;
- (৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা ;
- (৭) পি. এস. টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা ;
- (৮) অফিস কপি।

কলেজ পরিদর্শক (অতি: দা:)

ও

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

Handwritten signature